গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর।

**অফিস আদেশ ঃ**

নং ঃ ১৩৯/২০১৮ তারিখ ঃ ২৫/০৭/২০১৮ খ্রিঃ।

বিষয় ঃ **বেগম রেবেকা হাছান, সহকারী হিসাবরক্ষক, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বেগম রেবেকা হাছান, সহকারী হিসাবরক্ষক (অবসরপ্রাপ্ত) হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর এর পেনশন ও আনুতোষিক মঞ্জুরীর আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্মচারীর চাকুরী খতিয়ান বহি পর্যালোচনায় ও অত্রাদালতের হিসাবরক্ষক ও প্রশাসনিক কর্মকর্তার প্রতিবেদনের আলোকে তাহার মোট চাকুরীর মেয়াদ ২৫ বৎসরের উর্দ্ধকাল হওয়ায় তিনি বিধি মোতাবেক মুল বেতনের ৯০% হারে পেনশন পাইবার হকদার হইতেছেন।

আবেদনকারী কর্মচারীর সর্বশেষ মূল বেতন=১৯,৮১০/-টাকা (শুধুমাত্র পেনশনের জন্য)। উপর্যুক্ত প্রতিবেদনের আলোকে অর্থ মন্ত্রণালয়ের গত ১৪/১০/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০. ১৭১.১৩. ০০৬.১৫-৮১ নং স্মারক মোতাবেক মূল বেতনের ৯০% হারে মোট অবসর ভাতার পরিমাণ দাড়ায় = ১৭,৮২৯/- (সতের হাজার আটশত উনত্রিশ) টাকা, মোট অবসর ভাতার অর্ধাংশ অর্থাৎ ৪৫% হারে= ৮,৯১৪. ৫০ (আট হাজার নয়শত চৌদ্দ টাকা পঞ্চাশ পয়সা) এর প্রতি ১ (এক) টাকার পরিবর্তে ২৩০ টাকা হারে (৮,৯১৪.৫০×২৩০) আনুতোষিক বাবদ সর্বমোট= ২০,৫০,৩৩৫/- (বিশ লক্ষ পঞ্চাশ হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং =৮,৯১৪/৫০ (আট হাজার নয়শত চৌদ্দ টাকা পঞ্চাশ পয়সা) টাকা অবসর ভাতা হিসাবে মঞ্জুরী প্রদান করা হইল।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।

স্বাক্ষরিত
(এ,বি,এম নিজামুল হক)
সিনিয়র জেলা জজ
রংপুর।

স্মারক নং ঃ জেঃজঃরং-১৯/২০১৬-২৯৬(৬)/২০১৮ তারিখ ঃ ২৫/০৭/২০১৮ খ্রিঃ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। চেয়ারম্যান (যুগ্ম জেলা জজ), জেলা আদালত বাতায়ন হালনাগাদকরণ কমিটি, রংপুর।
২। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
৪। বেগম রেবেকা হাছান, সহকারী হিসাবরক্ষক, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, রংপুর।
৫। আদেশ বহি/অফিস ফাইল।

আদেশক্রমে
26/07/18
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত, রংপুর।